

নং- ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০-

৬৭

১১ ফাল্গুন, ১৪২৬

তারিখ:-----

২৪ ফেব্রুয়ারি, ২০২০


### পরিপত্র

বিষয়: বেসরকারীভাবে প্রতিষ্ঠিত ময়দাকল তালিকাভুক্তির প্রক্রিয়া।

বেসরকারীভাবে প্রতিষ্ঠিত ময়দাকল তালিকাভুক্তির নিমিত্ত বর্তমানে প্রচলিত পদ্ধতি অধিকতর সহজ ও ব্যবসা বান্ধব করার লক্ষ্যে নিম্নরূপ পদ্ধতি অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- ক) মিল মালিক/প্রতিষ্ঠান জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ (ট্রেড লাইসেন্স, ফুড গ্রেইন লাইসেন্স, আয়কর সনদ, পরিবেশ ছাড়পত্র, বিদ্যুৎ বিলের কপি, বিএসটিআই সনদ ও ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের সনদ) আবেদন দাখিল করবেন।
- খ) জেলা খাদ্য নিয়ন্ত্রক কাগজপত্র যাচাইপূর্বক যথাযথ বিবেচিত হলে আবেদন পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য প্রাথমিকভাবে গ্রহণ করবেন। কোন তথ্যের ঘাটতি থাকলে বা আবেদন ত্রুটিপূর্ণ হলে সংশ্লিষ্ট আবেদনকারীকে পত্র মারফত জানাবেন।
- গ) প্রাথমিকভাবে গৃহীত আবেদন মোতাবেক সংশ্লিষ্ট বিভাগের সাইলো অধিক্ষক, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী এবং সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক সমন্বয়ে গঠিত ৩ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক সরেজমিনে তদন্ত করে পেষণ ক্ষমতা নির্ধারণ করতে হবে।
- ঘ) জেলা খাদ্য নিয়ন্ত্রক তদন্ত প্রতিবেদন আনুষঙ্গিক সকল কাগজপত্রসহ অনুমোদনের জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর প্রেরণ করে অনুলিপি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন।
- ঙ) তদন্ত প্রতিবেদনসহ প্রাপ্ত কাগজপত্রাদি মহাপরিচালক কর্তৃক যাচাইয়ের পর আবেদনটি অনুমোদনযোগ্য হলে সুস্পষ্ট সুপারিশসহ অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- চ) মন্ত্রণালয় কর্তৃক যাচাই অন্তে চূড়ান্ত অনুমোদন আদেশ জারী করা হবে।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো।

  
(রায়না আহমদ)  
উপসচিব  
ফোন: ৯৫১৪৬১৬  
[dssupply@mofood.gov.bd](mailto:dssupply@mofood.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর।
২. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল), খাদ্য অধিদপ্তর।
৩. সাইলো অধিক্ষক (সকল), খাদ্য অধিদপ্তর।
৪. জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), খাদ্য অধিদপ্তর।
৫. আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (সকল), খাদ্য অধিদপ্তর।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়।
৩. প্রোগ্রামার খাদ্য মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।